রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৮ সনের ৫২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ২৭, ২০১৮

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৮১৩—৮২০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৪৫৩—১৪৬৮ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৪০০৯—৪২৪৬ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৬৯—৭০ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) ....... সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) ....... বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ....... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ....... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ....... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ....... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**শৃঙ্খলা-৫ শাখা**

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/১২ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

নং **০৫.০০.০০০০.১৮৪.২৭.০০৩.২০১৫-৬৯৯**—যেহেতু, জনাব সাইফুল ইসলাম (পরিচিতি নং-১৫৮০৬), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, দূর্গাপুর, নেত্রকোণা ও বর্তমানে উপপরিচালক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, দূর্গাপুর উপজেলার উপজেলা নির্বাহী অফিসার হিসেবে কর্মরত থাকাকালে উক্ত উপজেলাধীন প্রাথমিক বিদ্যালয়ে দপ্তরী কাম-নৈশ প্রহরী নিয়োগ প্রক্রিয়ায় অনিয়ম, রস্ক প্রকল্প-২ এর আওতায় আনন্দ স্কুলে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে চাকরি প্রদানের প্রতিশ্রুতি দিয়ে অর্থ আদায়সহ উপজেলার উন্নয়নের জন্য বরাদ্দকৃত সরকারি অর্থ আত্মসাৎ করা, ক্রয়ের ক্ষেত্রে অনিয়ম, অনুমোদন বিহীনভাবে সড়ক ও জনপথের গাছ বিক্রয় করা এবং ইচ্ছাকৃতভাবে বিভিন্ন অজুহাত দেখিয়ে তদন্ত কার্যে অনুপস্থিত থাকার অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) মোতাবেক যথাক্রমে "অসদাচরণ (Misconduct) ও দুর্নীতিপরায়ণ (Corrupt)" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৫-০৬-২০১৫ তারিখের ০৫.০০.০০০০.১৮৪.২৭.০০৩.১৫(বি.মা.)-২৪২ নম্বর স্মারকমূলে কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা তা জানতে চাওয়া হয় ;

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করলে ০৬-১০-২০১৫ খ্রি. তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানি অন্তে ন্যায়বিচার নিশ্চিত করার লক্ষ্যে এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অনিয়মের অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড প্রদানের সম্ভাবনা থাকায় জনাব হাবিব মোঃ হালিমুজ্জামান (৬০২১), প্রাক্তন উপসচিব (বিধি-৫), জনপ্রশাসন মন্ত্রণালয় বর্তমানে যুগ্মসচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় ;

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত কার্যক্রম সমাপনান্তে প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কর্মকর্তা প্রতিবেদনের সার্বিক মতামতে উল্লেখ করেন যে, জনাব সাইফুল ইসলাম-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) মোতাবেক যথাক্রমে "অসদাচরণ (Misconduct) ও দুর্নীতিপরায়ণ (Corrupt)" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। তদন্ত প্রতিবেদনের আলোকে একই বিধিমালার ৪(৩)(ডি) অনুযায়ী তাকে "চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)" গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয় ;

যেহেতু, জনাব সাইফুল ইসলাম দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন। ২য় কারণ দর্শানোর জবাব, তদন্ত প্রতিবেদন, সংশ্লিষ্ট বিধি-বিধান ও সার্বিক বিষয় পর্যালোচনা করে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ (Misconduct)"-এর অভিযোগ সন্দোহাতীতভাবে প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব, ২য় কারণ দর্শানোর জবাব ও প্রাসজ্ঞিক সকল বিষয়ে বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক "চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)" গুরুদণ্ড আরোপের প্রাথমিক প্রস্তাবিত দণ্ড হ্রাস করে একই বিধিমালার বিধি ৪(৩)(এ) অনুযায়ী তাকে "২ বছরের জন্য নিম্নপদে নামিয়ে দেয়ার (Reduction to a lower post for two years)" গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং প্রস্তাবিত গুরুদণ্ড আরোপের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন জনাব সাইফুল ইসলাম-কে "২ বছরের জন্য নিম্নপদে নামিয়ে দেয়ার (Reduction to a lower post for two years)" গুরুদণ্ড আরোপের জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে ;

সেহেতু, জনাব সাইফুল ইসলাম (পরিচিতি নং-১৫৮০৬), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, দূর্গাপুর, নেত্রকোণা ও বর্তমানে উপপরিচালক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী "অসদাচরণ (Misconduct)"-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার ধারাবাহিকতায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(ক) বিধি মোতাবেক তাকে "২ বছরের জন্য নিম্নপদে নামিয়ে দেয়ার (Reduction to a lower post for two years)" অর্থাৎ ৬নং গ্রেডে ৩৫,৫০০—৬৭,০১০/- টাকা স্কেলে বর্তমানে ৬ষ্ঠ ধাপে প্রাপ্ত মূল বেতন ৪৭,৬০০/- টাকা হতে নিম্ন ৭নং গ্রেডে ২৯,০০০—৬৩,৪১০ টাকার স্কেলে ৬ষ্ঠ ধাপে ৩৮,৮৯০/- টাকা মূল বেতনে সহকারী কমিশনার/সহকারী সচিব পদে নামিয়ে দেয়ার গুরুদণ্ড প্রদান করা হলো। পদাবনতি বলবৎ থাকার সময়কাল বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনাযোগ্য হবে না। তবে দণ্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে ৩৫,৫০০—৬৭,০১০/- টাকার স্কেলে (৬নং গ্রেড) বর্তমানে প্রাপ্ত বেতন ধাপে প্রত্যাবর্তন করবেন। তিনি কোন বকেয়া প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফয়েজ আহম্মদ**
সচিব।

---

**বিচার শাখা-৭**
**আইন ও বিচার বিভাগ**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আদেশাবলী**

তারিখ : ০৭ নভেম্বর ২০১৮ খ্রিঃ

নং **বিচার-৭/২এন-৭০/৮৬-৬৩৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব ফারুক সিদ্দিক, পিতা-শাহাব উদ্দিন, মাতা-আলেয়া খাতুন, গ্রাম-হাতিয়া, ডাকঘর-হাতিয়া আব্দলপুর, উপজেলা-কুষ্টিয়া সদর, জেলা-কুষ্টিয়া।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুষ্টিয়া জেলার সদর উপজেলার ০৯নং ঝাউদিয়া ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

০২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ১৪ নভেম্বর ২০১৮ খ্রিঃ

নং **বিচার-৭/২এন-২৮/৮৫-৬৫২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব শেখ নাঈমুর রহমান, পিতা-মৃত শেখ সাহিদুর রহমান, মাতা-নাজিরা বেগম, গ্রাম-দেবদুয়ার, ডাকঘর-দেবদুয়ার, থানা-পাইকগাছা, জেলা-খুলনা।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে খুলনা জেলার পাইকগাছা উপজেলার ০৯নং চাঁদখালী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

০২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
## প্রশাসন শাখা-৫

### প্রজ্ঞাপন

তারিখ : ২২ কার্তিক ১৪২৫/০৬ অক্টোবর ২০১৮

নং **২৫.০০.০০০০.০১৮.২৭.০৩০.১৭-৩৪৭**—যেহেতু, ফাহমিদা বারী, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) গণপূর্ত অধিদপ্তর, ঢাকায় কর্মরত অবস্থায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫-১০-২০১৭ তারিখের ০৫.০০.০০০০.২৩৯.২৫.০৫৯.১৬-১৭২ নম্বর স্মারকের মাধ্যমে "Strengthening Government through Capacity Development of the BCS Cadre Officials" শীর্ষক প্রকল্পের আওতায় Environmental Engineering and Project Management কোর্সে অংশগ্রহণের জন্য ২১-০৯-২০১৬ তারিখ হতে ২০-০৯-২০১৭ তারিখ পর্যন্ত শিক্ষা ছুটিতে যুক্তরাজ্যে গমন করেন। তিনি ০১-০৮-২০১৭ তারিখ ০১ (এক) বছরের শিক্ষা ছুটির মেয়াদ বৃদ্ধির জন্য প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর বরাবর ডাকযোগে আবেদন করেন। কিন্তু ছুটি বর্ধিতকরণের সুযোগ নেই মর্মে তাকে গণপূর্ত অধিদপ্তরের ২০-০৮-২০১৭ তারিখের ১৩৯৭ সংখ্যক স্মারকে এবং পুনরায় ১২-০৯-২০১৭ তারিখ ১৫৪২ নম্বর স্মারকে কর্মস্থলে যোগদানের নির্দেশ দেয়া হয়। কিন্তু তিনি কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে ছুটির মেয়াদ শেষ হওয়ার পরও বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন। সে কারণে তার বিরুদ্ধে "অসদাচরণ" ও "ডিজারসন" এর অভিযোগে ০৩/২০১৮ নম্বর বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয় ;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা লিখিত জবাব প্রদান করেন এবং ১৪-১০-২০১৮ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। উক্ত শুনানিতে তিনি দোষ স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেন। অপরদিকে অভিযুক্তের বিরুদ্ধে আনীত "অসদাচরণ" ও "ডিজারসন" এর অভিযোগ রাষ্ট্রপক্ষ সন্দেহাতীতভাবে প্রমাণ করতে সক্ষম হয়েছে ;

সেহেতু, ফাহমিদা বারী, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে রুজুকৃত ০৩/২০১৮ নম্বর বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ২(১)(খ) মোতাবেক তার ০১(এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী বেতন বৃদ্ধির তারিখ হতে ক্রমপুঞ্জিভূতহারে ০১(এক) বছরের জন্য স্থগিত" করা হলো এবং ভবিষ্যতে বেতন বৃদ্ধির ক্ষেত্রে তিনি এর কোন বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না। এছাড়া তার অনুপস্থিতকালীন ২১-০৯-২০১৭ তারিখ হতে ০৪-০৮-২০১৮ তারিখ পর্যন্ত বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শহীদ উল্লা খন্দকার**
সচিব।

## প্রশাসন-১ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২৭ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/১১ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

নং **২৫.০০.০০০০.০১৩.২৭.০০২.১৮-১৪৯**—নাটোর গণপূর্ত বিভাগের উপ সহকারী প্রকৌশলী (ই/এম) জনাব মোঃ শওকত আলী গত ১২-০৭-২০১৮ তারিখ আনুমানিক ৩.৪৫ ঘটিকার সময় গণপূর্ত ই/এম কারখানা উপ বিভাগ-২, ঢাকার উপ বিভাগীয় প্রকৌশলী জনাব মোঃ মামুনুর রশীদের কর্মস্থলে সরকারি দায়িত্ব পালনকালে তার অফিস কক্ষে অনধিকার প্রবেশ করে তাকে অতর্কিতভাবে আক্রমণ করে শারীরিকভাবে আহত করে। এছাড়াও তিনি ইতিপূর্বে অসদাচরণ করায় তাকে এ মন্ত্রণালয়ের ১৭-০৫-২০১৮ তারিখের ১৭৮ নম্বর প্রজ্ঞাপনমূলে লঘুদণ্ড প্রদান করা হয়। একজন সরকারি কর্মচারী হয়ে বার বার একই অপরাধের পুনরাবৃত্তি করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ১১ মোতাবেক তাকে (জনাব মোঃ শওকত আলী) উক্ত তারিখ থেকে (১২-০৭-২০১৮) সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালে তিনি বিধি মোতাবেক খোরাকীভাতা (Subsistance Allowance) প্রাপ্য হবেন।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শহীদ উল্লা খন্দকার**
সচিব।

## ভূমি মন্ত্রণালয়
## অধিশাখা-২ (মাঠ প্রশাসন)
## আদেশ

তারিখ : ২৩ অক্টোবর ২০১৮ খ্রি:

নং **৩১.০০.০০০০.০৪৬.১৫.০৩১.১৭.৫৬৭**—নির্দেশিত হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সওব্য-৭ অধিশাখার ২৭-০৪-২০১৫ তারিখের ০৫.১৫৬.০১৫.০৩.০০.০০৩.২০১৪-১০২ নং স্মারক, অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২ এর ০২-০৪-২০১৮ তারিখের ০৭.১৫২.০১৫.৩১.০০.০০০.(ভূমি-১).২০১২(অংশ-১)-৩১২ নং স্মারক, অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন-১ শাখার ২৪-০৫-২০১৮ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৩১.০১২.১২-১৩৭ নং স্মারক এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১৭-০৯-২০১৮ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০১৫.১৮-৪৭৭ নং স্মারকের মাধ্যমে ০১ আশ্বিন ১৪২৫/১৬ সেপ্টেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২০১৮ সালের ১৪শ সভার সিদ্ধান্ত মোতাবেক বান্দরবান পার্বত্য জেলার রোয়াংছড়ি, রুমা, থানচি, আলীকদম ও নাইক্ষ্যংছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলার বাঘাইছড়ি, কাপ্তাই ও কাউখালী এবং খাগড়াছড়ি পার্বত্য জেলার পানছড়ি ও লক্ষীছড়ি মোট-১০টি উপজেলা ভূমি অফিস স্থাপনের নিমিত্ত নিম্নোক্ত ৯০ (নব্বই) টি পদ রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনে আগামী ৩১-০৫-২০১৯ তারিখ পর্যন্ত নিম্নবর্ণিত শর্তে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

| ক্রমিক নং | পদের নাম ও সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনগ্রেড/ মাসিক নূন্যতম সেবামূল্য (জা:বে:স্কে: ২০১৫) | নিয়োগযোগ্যতার শর্ত/ভিত্তি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | কানুনগো ১×১০=১০(দশ)টি | টা: ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | নিয়োগের যোগ্যতা: অর্থ বিভাগের ১৪-০১-২০১০ তারিখের অম/অবি(বাস্ত-১)/ভূমি-১৮/২০০৬/১৪ নং স্মারকের শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ০২ | সার্ভেয়ার ১×১০=১০(দশ)টি | টা: ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | নিয়োগের যোগ্যতা: ভূমি হুকুম দখল অফিসের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯০ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ০৩ | হিসাব সহকারী ১×১০=১০(দশ)টি | টা: ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব স্বাক্ষরিত খসড়া নিয়োগ বিধিমালা অনুযায়ী নিয়োগ যোগ্যতা: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড হতে বাণিজ্য বিষয়সহ এইচ,এস,সি পরীক্ষায় ২য় বিভাগ/ সমমানের জিপিএসহ উত্তীর্ণ। |
| ০৪ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ১×১০=১০(দশ)টি | টা: ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | নিয়োগ যোগ্যতা: The Recruitment Rules for the Upazila Revenue Officers and Staff (Management Side) Rules, 1985. অনুযায়ী পদ পূরণযোগ্য। |

**আউটসোর্সিং**

| | | | |
|---|---|---|---|
| ০৫ | প্রসেস সার্ভার ১×১০=১০(দশ)টি | টা: ১৫২০০/- (মাসিক নূন্যতম সেবামূল্য)(চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর, নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য) টা: ১৪৭০০/- (অন্যান্য স্থানের জন্য) | আউটসোর্সিং নীতিমালা, ২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ০৬ | অফিস সহায়ক ১×১০=১০(দশ)টি | টা: ১৪৯৫০/- (মাসিক নূন্যতম সেবামূল্য) (চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর, নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য) টা: ১৪৪৫০/- (অন্যান্য স্থানের জন্য) | |
| ০৭ | চেইনম্যান ২×১০=২০(বিশ)টি | | |
| ০৮ | নিরাপত্তা প্রহরী ১×১০=১০(দশ)টি | | |

২। উল্লিখিত পদগুলোর বেতন ও ভাতা ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট হতে নির্বাহ করা হবে।

৩। ইহাতে ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর সদয় সম্মতি রয়েছে।

৪। সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জি,ও জারি করা হল।

**মোঃ জাকির হোসেন**
উপসচিব।

---

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
## প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২৮ কার্তিক ১৪২৫/১২ নভেম্বর ২০১৮

নং **৪৩.০০.০০০০.১১৪.০১৬.৬৭-১৩-৫৩৫**—১৯৬৮ ইং সালের (১৪ নং আইন)(১৯৭৬ সালে সংশোধিত) প্রত্নসম্পদ আইনের ১০ নং ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল :

| ক্র: নং | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১। | শ্যামসিদ্ধির মঠ থানা-শ্রীনগর জেলা-মুন্সিগঞ্জ | শ্যামসিদ্ধি | ১৮২ | ৮৬ | ০.৩৯ | উত্তর: আ: মজিদ গং দক্ষিণ : স: প্রা: বিদ্যা: পূর্ব : মরন বেপারী গং পশ্চিম :আ: হালিম গং | গৌরাঙ্গ গোপ পিং-গুরুচরন গোপ সাং নিজ হাল সাং-ভারত পক্ষে বাংলাদেশ সরকার-১ | হ্যাঁ | |

তারিখ : ০১ অগ্রহায়ণ ১৪২৫/১৫ নভেম্বর ২০১৮

নং **৪৩.০০.০০০০.১১৪.০২৬.২০২.১৮-৫৪৭**—১৯৬৮ ইং সালের (১৪ নং আইন)(১৯৭৬ সালে সংশোধিত) প্রত্নসম্পদ আইনের ১০নং ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" হিসেবে ঘোষণা করা হইলো :

| ক্র: নং | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকান হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা ও খতিয়ান নং | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | চট্টগ্রামস্থ আন্দরকিল্লা শাহী জামে মসজিদ<br>গ্রাম- ৩২ নং আন্দরকিল্লা রোড<br>উপজেলা/থানা- কোতয়ালী<br>জেলা- চট্টগ্রাম। | মৌজা: আন্দরকিল্লা<br>খং নং-৯২৯ | ২৬২৮<br>২৬২৯<br>২৬৩০<br>২৬৩১<br>২৬৪২<br>২৬২৭<br>২৬৮২<br>২৬৮৩<br>২৬৩১<br>২৬২৬<br>২৬৪৪<br>২৬৪৫<br>২৬৪০<br>২৬৪০<br>২৮৩৪<br>২৬৪১<br>২৬৩৯<br>২৬৩৮<br>২৬৩৪<br>২৬৩৩<br>২৬৫৪<br>২৬৫৭<br>২৬৫৮<br>২৬৫৬<br>২৬৫৫<br>২৬৫৩<br>২৬৫২<br>২৬৫১<br>২৬৪৬<br>২৬৪৭<br>২৬৪৮<br>২৬৩৬<br>২৬৪৯<br>২৬৫১<br>২৬৮১<br>২৬৫০<br>২৬৫১<br>২৬৩৭<br>২৬৩৫ | ০.০৩৮১<br>০.০০৭৫<br>০.০৮৪৪<br>০.৪৯১৫<br>০.০৩১৯<br>০.৩১১২<br>০.০৬৯৪<br>০.০০৭৫<br>০.৪৩৩৫<br>০.১৬৩৩<br>০.০১১২<br>০.০১৫০<br>০.০০৯৪<br>০.০২০০<br>০.০৫০০<br>০.০৩৩১<br>০.০১২৫<br>০.০৩৩১<br>০.০১০৬<br>০.০৪১০<br>০.০১৮৭<br>০.০১৯৪<br>০.০৪৫৭<br>০.০৮৩২<br>০.০৫১৯<br>০.০৪৩১<br>০.০০৫০<br>০.০১৫৬<br>০.০৫৬৯<br>০.০১৬২<br>০.০১৬৯<br>০.০১৯৪<br>০.০০৫০<br>০.০১১৯<br>০.১০০২<br>০.০১০০<br>০.০১৫৬<br>০.০১৮৭ | উত্তরে: রাস্তা<br>দক্ষিণে: নালা এবং ব্যক্তিমালিকানাধীন<br>পূর্বে: রাস্তা<br>পশ্চিমে: মুসলিম এডুকেশন সোসাইটি এবং আইন কলেজ (নৈশ) | আন্দরকিল্লা শাহী জামে মসজিদ ইসলামিক কাউন্ডেশনের পক্ষে পরিচালক নুরুল আমিন সাং- নিজ | সম্মত | নামজারী জমাভাগ মোকদ্দমা নং- ৩২৭০/৯৩-৯৪ হুকুমের তারিখ ০৬-০৪-৯৪ ইং মুলে ৯২৯ নং খতিয়ান সৃজন হয়। |
| | | মোট জমি | | ২.৪২৭৬ একর | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**অসীম কুমার দে**
যুগ্মসচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**(উন্নয়ন-১ অধিশাখা)।**

**শোক বার্তা**

তারিখ : ২৩ কার্তিক ১৪২৫ ব:/০৭ নভেম্বর ২০১৮ খ্রি:

নং **৪৬.০০.০০০০.০৬৭.৯৯.০৮৪.১৭-১০৬১**—জনাব মোঃ আফজাল হোসেন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রংপুর বিভাগ, রংপুর গত **১১-১০-২০১৮** খ্রি: তারিখে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

মরহুম মোঃ আফজাল হোসেন ২৪-০৭-১৯৮৪ খ্রি: তারিখে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে উপজেলা প্রকৌশলী হিসেবে চাকুরীতে যোগদান করেন। তিনি কর্মজীবনে একজন সৎ, নিষ্ঠাবান ও দায়িত্বশীল কর্মকর্তা হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তাঁর এই মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

**ড. জাফর আহমেদ খান**
সিনিয়র সচিব।

---

**উন্নয়ন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/০৭ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

নং **৪৬.০০.০০০০.০৬৭.২৭.০১০.১৮-১০৬৬**—যেহেতু, জনাব মোঃ মাজেদুল হক, প্রাক্তন নক্সাকার (উপসহকারী প্রকৌশলী)(চাকুরি হতে অপসারণকৃত), উপজেলা প্রকৌশলীর দপ্তর, উপজেলা-সদর, মৌলভীবাজার এর বিরুদ্ধে সাবেক কর্মস্থল নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলায় কর্মরত থাকাকালীন কিশামত বীরচরণ সরকারি প্রাথমিক বিদ্যালয় নির্মাণ কাজে F3 & F4 এর ফুটিং এর ডাবল লেয়ার সলিং এর উপর যথাক্রমে ৫" ও ৪.৫" বালি বিছিয়ে তাঁর উপর ১২ মিঃমিঃ রড ৯" সি/সি স্থাপনপূর্বক ১-২" এর স্থলে গড়ে ৬" হতে ৮" পুরুত্বের অত্যন্ত নিম্নমানের কনক্রিট ঢালাই করা এবং (২) উপরোক্ত ত্রুটিপূর্ণ নির্মাণ কাজের ফলে বর্তমানে বিদ্যালয়টি উর্দ্ধমুখী সম্প্রসারণ করা সম্ভবপর না হওয়ার অভিযোগে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ),৩(বি), ও ৩(ডি) বিধিতে বর্ণিত অদক্ষতা, দায়িত্বহীনতা, কর্তব্য কাজে অবহেলা, অসদাচরণ ও দুর্নীতি পরায়ণতার দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয় ; এবং

যেহেতু, জনাব মোঃ মাজদুল হক, প্রাক্তন নক্সাকার (উপসহকারী প্রকৌশলী)(চাকুরি হতে অপসারণকৃত), উপজেলা প্রকৌশলীর দপ্তর, উপজেলা-সদর, মৌলভীবাজার তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে বিস্তারিত জবাব পেশ করেন এবং ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করেন ; এবং

যেহেতু, জনাব মাজেদুল হক এর ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য ও অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনায় সন্তোষজনক বিবেচিত না হওয়ায় অভিযোগসমূহ তদন্তের জন্য সুশীল কুমার দাস, নির্বাহী প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর, এলজিইডি, দিনাজপুর অঞ্চলকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় ; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদন ও অন্যান্য রেকর্ডপত্র অনুযায়ী জনাব মোঃ মাজেদুল হকের বিরুদ্ধে অসদাচরণ ও দুর্নীতি পরায়ণতার অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(সি) বিধি অনুযায়ী "গুরুদণ্ড" হিসেবে তাঁকে চাকরি হতে অপসারণ করার নিমিত্ত বিভাগীয় মামলার দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারি করা হয় ; এবং

যেহেতু, জনাব মোঃ মাজেদুল হক এর দাখিলকৃত বিভাগীয় মামলায় দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব পর্যালোচনায় সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় তাকে "চাকরি হতে অপসারণ" করার বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামতের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করা হয় ; এবং

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক জনাব মোঃ মাজেদুল হককে "চাকরি হতে অপসারণ" করার বিষয়ে একমত পোষণ করে এবং সরকারী কর্ম কমিশনের মতামতের প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জনাব মোঃ মাজেদুল হককে চাকরি হতে অপসারণ করার গুরুদণ্ড আরোপ করার নির্দেশনা প্রদান করা হয় ; এবং

যেহেতু, উক্ত সিদ্ধান্ত তথা নির্দেশনা অনুযায়ী সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর৩(বি) ও ৩(ডি) বিধিতে বর্ণিত অসদাচরণ ও দুর্নীতি পরায়ণতার অভিযোগে দোষী সাব্যস্থ করে জনাব মোঃ মাজেদুল হককে একই বিধিমালার ৪(৩)(সি) বিধি মোতাবেক "চাকরি হতে অপসারণ" করা হয় ; এবং

যেহেতু, জনাব মোঃ মাজেদুল হক, প্রাক্তন নক্সাকার (উপসহকারী প্রকৌশলী)(চাকুরি হতে অপসারণকৃত), উপজেলা প্রকৌশলীর দপ্তর, উপজেলা-সদর, মৌলভীবাজার ; সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী শাস্তি আরোপের আদেশের বিরুদ্ধে আপিল আবেদন করেছেন। প্রধান প্রকৌশলী, এলজিইডি তাঁর আপিল আবেদন ও আনুসঙ্গিক কাগজপত্রসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করেছেন ; এবং

যেহেতু, প্রধান প্রকৌশলী, এলজিইডি কর্তৃক জনাব মোঃ মাজেদুল হক, প্রাক্তন নক্সাকার (উপসহকারী প্রকৌশলী)(চাকুরি হতে অপসারণকৃত), উপজেলা প্রকৌশলীর দপ্তর, উপজেলা-সদর, মৌলভীবাজার এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী পক্রিয়া সম্পন্ন করে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(সি) বিধি অনুযায়ী "গুরুদণ্ড" হিসাবে "চাকুরী হতে অপসারণ" করার শাস্তি আরোপ করা হয়েছে। প্রধান প্রকৌশলী, এলজিইডি নিয়োগকারী কর্তৃপক্ষ হওয়ায় তাঁর ঊর্ধ্বতন কর্তৃপক্ষ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব হওয়ায় জনাব মোঃ মাজেদুল হক, প্রাক্তন নক্সাকার, সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবরে, যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আপিল আবেদন দাখিল করেছেন ; এবং

সেহেতু, জনাব মোঃ মাজেদুল হক এর ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, লিখিত জবাব এবং আনুষাংগিক কাগজপত্রাদি পর্যালোচনান্তে জনাব মোঃ মাজেদুল হক, প্রাক্তন নক্সাকার (উপসহকারী প্রকৌশলী) (চাকুরি হতে অপসারণকৃত), উপজেলা প্রকৌশলীর দপ্তর, উপজেলা-সদর, মৌলভীবাজার এর দায়েরকৃত আপিল গ্রহণ করতঃ এলজিইডি কর্তৃক প্রদত্ত গুরুদণ্ড হিসেবে "চাকরি হতে অপসারণ" এর দন্ড প্রত্যাহারপূর্বক সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২১ বিধি অনুযায়ী তাঁকে "বাধ্যতামূলক অবসর" দন্ড আরোপ করে আপিল নিষ্পত্তি করা হলো।

**ড. জাফর আহমেদ খান**
সিনিয়র সচিব।

**(উন্নয়ন-১ অধিশাখা)**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৭ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/১১ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

নং **৪৬.০০.০০০০.০৬৭.০২৭.০১৭.২০১৬-১০৯০**—যেহেতু, জনাব মোঃ শাহজাহান ফরাজী, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালকিনি, মাদারীপুর এর বিরুদ্ধে মাদারীপুর জেলার এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন ৩টি প্রকল্পের অনিয়মের অভিযোগের বিষয়টি উত্থাপিত হয়েছে।

যেহেতু, স্থানীয় সরকার বিভাগের ০৫-১২-২০১৬ খ্রি. তারিখের নং-৪৬.০০.০০০০.০৬৭.২৭.০১৭.২০১৬-৯৯৫—স্মারকমূলে তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক ৩(এ), ৩(বি) ও ৩(ডি) বিধিতে অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয় ; এবং

যেহেতু, জনাব মোঃ শাহজাহান ফরাজী তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে বিস্তারিত জবাব পেশ করেন এবং ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করেন ; এবং

যেহেতু, তাঁর আবেদনের প্রেক্ষিতে গত ১৫-০২-২০১৭ সচিব, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীতে তাঁর জবাব গ্রহণযোগ্য না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

যেহেতু, তাঁর দাখিলকৃত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন এবং আনুষঙ্গিক রেকর্ডপত্র বিস্তারিত পর্যালোচনা করা হয়।

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন এবং অভিযুক্তের দুই দফা জবাব এবং সংযুক্ত দলিলপত্রাদি পর্যালোচনায় দেখা জনাব মোঃ শাহজাহান ফরাজী, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বাবুগঞ্জ, বরিশাল এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর আওতায় রুজুকৃত বিভাগীয় মামলায়-আনীত অভিযোগসমূহ পর্যালোচনায় প্রকল্পসমূহ বাস্তবায়নকালে অব্যবস্থাপনার জন্য ৩(এ), ৩(বি) ও ৩(ডি) বিধিতে অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির অভিযোগটি প্রমাণিত হয়নি মর্মে প্রতীয়মান হয়েছে।

সেহেতু, জনাব মোঃ শাহজাহান ফরাজী, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালকিনি, মাদারীপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগের লিখিত জবাব, সংযুক্ত কাগজপত্র ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং তাঁর অপরাধের প্রকৃতি বিবেচনা করে রেকর্ডপত্র পর্যালোচনান্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রতিষ্ঠিত না হওয়ায় তাঁকে ভবিষ্যতে আরও সতর্কভাবে কাজ করার নির্দেশনা প্রদানপূর্বক আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৬.০০.০০০০.০৬৭.০২৭.০১৮.২০১৬-১০৯১**—যেহেতু, জনাব রণজিত দে, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সাটুরিয়া, মানিকগঞ্জ এর বিরুদ্ধে মাদারীপুর জেলার এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন ৯টি প্রকল্পের অনিয়মের অভিযোগের বিষয়টি উত্থাপিত হয়েছে।

যেহেতু, স্থানীয় সরকার বিভাগের ০৫-১২-২০১৬ খ্রি. তারিখের নং-৪৬.০০.০০০০.০৬৭.২৭.০১৮.২০১৬-৯৯৬—স্মারকমূলে তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক ৩(এ), ৩(বি) ও ৩(ডি) বিধিতে অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয় ; এবং

যেহেতু, জনাব রণজিত দে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে বিস্তারিত জবাব পেশ করেন এবং ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করেন ; এবং

যেহেতু, তাঁর আবেদনের প্রেক্ষিতে গত ০৯-০৩-২০১৭ খ্রিঃ তারিখে সচিব, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীতে তাঁর জবাব গ্রহণযোগ্য না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

যেহেতু, তাঁর দাখিলকৃত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন এবং আনুষঙ্গিক রেকর্ডপত্র বিস্তারিত পর্যালোচনা করা হয়।

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন এবং অভিযুক্তের দুই দফা জবাব এবং সংযুক্ত দলিলপত্রাদি পর্যালোচনায় দেখা জনাব রণজিত দে, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সাটুরিয়া, মানিকগঞ্জ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর আওতায় রুজুকৃত বিভাগীয় মামলায়-আনীত অভিযোগসমূহ পর্যালোচনায় প্রকল্পসমূহ বাস্তবায়নকালে অব্যবস্থাপনার জন্য ৩(এ), ৩(বি) ও ৩(ডি) বিধিতে অদক্ষতা, অসদাচরণ ও দুর্নীতির অভিযোগটি প্রমাণিত হয়নি মর্মে প্রতীয়মান হয়েছে।

সেহেতু, জনাব রণজিত দে, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সাটুরিয়া, মানিকগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগের লিখিত জবাব, সংযুক্ত কাগজপত্র ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং তাঁর অপরাধের প্রকৃতি বিবেচনা করে রেকর্ডপত্র পর্যালোচনান্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রতিষ্ঠিত না হওয়ায় তাঁকে ভবিষ্যতে আরও সতর্কভাবে কাজ করার নির্দেশনা প্রদানপূর্বক আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. জাফর আহমেদ খান**
সিনিয়র সচিব।

**বিচার শাখা-৭**
**আইন ও বিচার বিভাগ**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আদেশাবলি**

তারিখ : ১৮ ডিসেম্বর ২০১৮ খ্রিঃ

নং **বিচার-৭/২এন-১০২/২০১৮-৭৩৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ মিজানুর রহমান মুরাদ, পিতা মোঃ আবুল কাশেম পাটোয়ারী, মাতা বিউটি খানম, কাজল রেখা মঞ্জিল, মোমেনবাগ চৌরাস্তা, আল-আমিন রোড, পাড়াডগার, কোনাপাড়া, থানা-ডেমরা, জেলা-ঢাকা এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৬৫ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

০২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং **বিচার-৭/২এন-১০৫/২০১৮-৭৩৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ মিজানুর রহমান, পিতা মোঃ আব্দুল মতিন শিকদার, মাতা মোসাঃ রিজিয়া বেগম, গ্রাম-গোবিন্দপুর, ডাকঘর-দনিয়া, থানা-যাত্রাবাড়ী, জেলা-ঢাকা এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৬২ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

০২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।